সারাদেশে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে: স্বরাষ্ট্রমন্ত্রী



ছবি: সংগৃহীত

দেশের সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। নাশকতা ও সন্ত্রাস প্রতিরোধে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী প্রস্তুত রয়েছে বলেও জানান তিনি।

রোববার (১৫ নভেম্বর) সংসদ ভবনে স্বরাষ্ট্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে তিনি এসব কথা বলেন।

স্বরাষ্ট্রমন্ত্রী জানান, মাদক প্রতিরোধে বাংলাদেশ-মিয়ানমার সীমান্তে ১০৮ কিলোমিটার বর্ডার ফেন্সিং নির্মাণ ও আধুনিকায়নের উদ্যোগ নেওয়া হয়েছে।

কমিটির সভাপতি জয়নুল আবেদীনের সভাপতিত্বে বৈঠকে মাদক উৎপাদন, সরবরাহ ও পাচার বন্ধে আইনি ব্যবস্থা, অপরাধলব্ধ অর্থের উৎস তদন্ত এবং সীমান্তে নজরদারি বাড়ানোর বিষয়ে আলোচনা হয়।

হুইপ মিয়া নুরুদ্দিন আহাম্মেদ অপু মাদক নিয়ন্ত্রণে সামাজিক উদ্যোগের ওপর গুরুত্ব দেন। হুইপ রকিবুল ইসলাম সীমান্তে আধুনিক প্রযুক্তি ও ড্রোনের মাধ্যমে নজরদারি বাড়ানোর সুপারিশ করেন।

বৈঠকে মাদকবিরোধী কার্যক্রমে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ এবং বিজিবি, কোস্ট গার্ড, পুলিশ ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সমন্বিত অভিযান জোরদারের বিষয়েও সুপারিশ করা হয়।

এতে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও আইনশৃঙ্খলা রক্ষাকারী সংস্থার ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।